রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১০, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/ ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৯৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'পার্বত্য চট্টগ্রাম বিষয়ক নির্বাহী কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ অধিদপ্তর | সদস্য |
| (৬) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) | সদস্য |
| (৭) | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | প্রধান সমন্বয়ক |
| (৮) | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) | সদস্য |
| (৯) | মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য |

| | | |
|---|---|---|
| (১০) | জিওসি, ২৪ পদাতিক ডিভিশন | সদস্য |
| (১১) | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম | সদস্য |
| (১২) | অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ অব পুলিশ (এসবি) | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| (১৪) | পরিচালক (সীমান্ত এবং পার্বত্য চট্টগ্রাম), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) | সদস্য |
| (১৫) | পরিচালক, সোশ্যাল স্ট্যাবিলিটি ইন্টেলিজেন্স ব্যুরো (এসএসআইবি) | সদস্য-সচিব। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

নির্বাহী কমিটি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়নের নিমিত্তে নিম্নোক্ত কার্যাবলি সম্পন্ন করবে:

(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন বিভিন্ন সংস্থার সুনির্দিষ্ট করণীয় নির্ধারণ;

(খ) পার্বত্য চট্টগ্রামে সন্ত্রাস ও বিচ্ছিন্নতাবাদ দমন, সীমান্ত নিরাপত্তা নিশ্চিতকরণ, সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধিসহ পার্বত্য চট্টগ্রামে বসবাসরত সকল সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়ন;

(গ) পার্বত্য চট্টগ্রামের টেকসই নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রচলিত আইন, চুক্তির শর্ত ও বিধি-বিধান পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধন ও সংস্কার এবং নতুন আইন ও বিধি-বিধান প্রণয়নে সুপারিশ প্রদান; এবং

(ঘ) আগামী তিন মাসের (৯০ দিন) মধ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কর্মকৌশলের খসড়া প্রণয়নপূর্বক পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটির নিকট উপস্থাপন।

১.৩। কমিটি প্রয়োজন অনুযায়ী ও ক্ষেত্র বিবেচনায় সশস্ত্র বাহিনী, নিরাপত্তা বাহিনী ও অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/সংস্থার প্রধান বা অন্য কোনো কর্মকর্তা, প্রয়োজনীয় ক্ষেত্রে যে কোনো ব্যক্তিকে কমিটিতে সদস্য/সহায়তাদানকারী কর্মকর্তা হিসেবে নির্দিষ্ট সময়ের জন্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সচিবালয়: প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) কর্তৃক কমিটির সচিবালয় সংক্রান্ত প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুবিধা প্রদান করা হবে। তবে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সভাপতির নির্দেশক্রমে পরবর্তী সময়ে অন্য যে কোনো গোয়েন্দা সংস্থা/নিরাপত্তা বাহিনী/আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/সংস্থা নির্ধারিত মেয়াদে কমিটির সচিবালয়ের দায়িত্ব পালন করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd